দৈনিক বাংলা
দৈনিক বাংলা

তারিখ ... ৪।৪।৮৫ ... ..
পৃষ্ঠা ২ কলাম ৪ ......

৩২

# ঢাকা ভার্সিটি শিক্ষকদের চাকরির মেয়াদ বাড়ান হচ্ছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের চাকরির মেয়াদ পাঁচ বছর বৃদ্ধি করা হচ্ছে। শারীরিক সুস্থতা সাপেক্ষে পাঁচ বছরের জন্য এই পুনঃ নিয়োগের বিষয়টি চূড়ান্ত করা হচ্ছে বলে নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে।

বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ ৬০ বছর [illegible] বিশ্ববিদ্যালয়ে শিক্ষ- [illegible]

(৫-এর পৃষ্ঠার ... দঃ)

## ঢাকা ভার্সিটি

( প্রথম পৃষ্ঠার পর )

কতা করেন। পরে তাদের অবসর প্রদান করা হয়।

শিক্ষকদের শারীরিক সুস্থতা সাপেক্ষে চাকরির মেয়াদ ৫ বছর বৃদ্ধির একটি প্রস্তাব ইতিমধ্যে বিশ্ববিদ্যালয় একাডেমিক কমিটিতে আলোচনা হয়েছে। শিক্ষকদের চাকরির মেয়াদ বাড়ান হলে নতুন নিয়োগের ক্ষেত্রে যাতে বাধা সৃষ্টি না হয়, তাও বিবেচনায় রাখা হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট, একাডেমিক পরিষদ ও ফিন্যান্স কমিটির নির্বাচনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের একটি বড় অংশের চাকরির মেয়াদ বৃদ্ধির বিষয়টি প্রধান দাবি ছিল। জানা গেছে, পর্যায়ক্রমে শিক্ষকদের এই পুনঃ নিয়োগ দেয়া হবে। প্রাথমিকভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের বিভিন্ন বিভাগে সমতা রেখে ৫০ জন শিক্ষককে এই নিয়োগ দেয়া হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে বর্তমানে ১২ শ' শিক্ষক রয়েছেন, যাদের মধ্যে শতকরা ৩৫ ভাগ শিক্ষকের বয়স ৫৫ থেকে ৬০ এর কাছাকাছি।

যেসব শিক্ষক বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ধরনের গবেষণায়রত তাঁদেরকে পুনঃ নিয়োগে অগ্রাধিকার দেয়া হবে বলে সূত্র উল্লেখ করেছে।